দৈনিক সংবাদ

APR. 10 2002

# 'ছাত্রলীগের কমিটিতে অছাত্রদের প্রাধান্য

## গঠনতন্ত্রের আওতায় পড়ে না এমন কেউ থাকলে বাদ দেয়া হবে ঃ কাদের

মোশতাক আহমেদ ॥ গঠনতন্ত্র উপেক্ষা করে অছাত্র, ব্যবসায়ী, ক্যাডার আর অপরিচিত মুখ দিয়ে ছাত্রলীগের ইতিহাসের সর্ববৃহৎ কমিটি গঠন করা হয়েছে। নতুন কমিটির ১৯০ জনের মধ্যে অধিকাংশ অছাত্র বলে সংগঠনের কর্মীরাই অভিযোগ করেছে।

আগের কমিটির বেশ কয়েকজন কেন্দ্রীয় নেতাকে ডিমোশন দিয়ে নতুন কমিটিতে রাখা হয়েছে। এ নিয়ে সংগঠনের মধ্যে তীব্র প্রতিক্রিয়া দেখা দিয়েছে। শনিবার রাত থেকে এ পর্যন্ত বেশ কয়েকটি ঘটনাও ঘটেছে।

শনিবার রাতে ধানমন্ডির ১২ নম্বরের আওয়ামী লীগ নির্বাচন পরিচালনা অফিসে ব্যাপক হট্টগোল হয়। রোববার দুপুরে নতুন কমিটির সাংস্কৃতিক সম্পাদককে ধাওয়া করে মধুর ক্যান্টিন থেকে বের করে দেয়া হয়। ওইদিন সন্ধ্যায় বঙ্গবন্ধু অ্যাভিনিউর দলীয় কার্যালয়ে পদ না পাওয়া নেতা-কর্মীরা ব্যাপক ভাঙচুর করে এবং অফিসে তালা ঝুলিয়ে দেয়। সোমবার মধুর ক্যান্টিনে দুই কর্মীর মধ্যে হাতাহাতি হয়। এছাড়া অনেক পদ না পাওয়া নেতা-কর্মী আওয়ামী লীগ সভানেত্রী শেখ হাসিনার সঙ্গে দেখা করে অভিযোগ জানান।

গঠনতন্ত্রে সংশোধনী এনে ছাত্রলীগের এই ২৫তম সম্মেলনে ১০১ সদস্যের পরিবর্তে ২০১ সদস্যবিশিষ্ট কমিটি গঠনের সিদ্ধান্ত নেয়া হয়। এই সিদ্ধান্ত অনুযায়ী লিয়াকত শিকদারকে সভাপতি এবং নজরুল ইসলাম বাবুকে সাধারণ সম্পাদক (কাউন্সিলরদের সরাসরি ভোটে নির্বাচিত) করে এ পর্যন্ত ১৯০ জনের কেন্দ্রীয় কমিটি ঘোষণা করা হয়েছে।

খোঁজ নিয়ে জানা গেছে, এ ১৯০ জনের মধ্যে অধিকাংশের ছাত্রত্ব নেই। এর মধ্যে সাধারণ সম্পাদকের ছাত্রত্ব নেই। সভাপতি ও সাধারণ সম্পাদক নির্বাচিত হয়েছে সরাসরি ভোটে।

ছাত্রলীগের গঠনতন্ত্রে অনূর্ধ্ব ২৭ বছর বয়সী নিয়মিত ছাত্র বা ছাত্রীকে নেতা বানানোর বিধি রয়েছে। নতুন কমিটির ২১ জন সহ-সভাপতির মধ্যে দুইজন ছাড়া কারো ছাত্রত্ব নেই। ৬ যুগ্ম সাধারণ সম্পাদকের মধ্যে মিহির কান্তি ঘোষাল ছাড়া কারো ছাত্রত্ব নেই।

ছয় জন, সাংগঠনিক সম্পাদকের মধ্যে (১ জন থাকার কথা) কারো ছাত্রত্ব নেই। এর মধ্যে ১ জন সরাসরি ব্যবসার সঙ্গে জড়িত।

৩২ জনের সম্পাদকমন্ডলীর মধ্যে ৬ জনের ছাত্রত্ব নেই। ধর্ম এবং তথ্য ও প্রযুক্তি বিষয়ক পদ দু'টি নতুন করে সৃষ্টি করা হয়েছে। এ দু'জন সম্পাদকের ছাত্রত্ব নেই। অতিরিক্ত ১০ জন সহ-সম্পাদকের মধ্যে একজন ছাড়া কারো ছাত্রত্ব নেই। এছাড়া নতুন কমিটির অনেকে বিভিন্ন ব্যবসার সঙ্গে জড়িত। সংগঠন থেকে দীর্ঘদিন বিচ্ছিন্ন থাকারও অভিযোগ রয়েছে।

এছাড়া একটি বিশেষ এলাকার হওয়ায় সদস্য হিসেবে হাবিবুর রহমান নামে ছাত্রদলের এক কর্মীকেও নতুন কমিটিতে ঠাঁই দেয়া হয়েছে বলে অভিযোগ করেছে ছাত্রলীগ কর্মীরা। সে ঢাকা কলেজ ছাত্রদলের সঙ্গে জড়িত বলে জানা গেছে।

গত কমিটির আইন সম্পাদক প্রশান্ত ভূষণ বড়ুয়া, সমাজসেবা সম্পাদক আবদুল মতিনসহ গ্রন্থনা ও প্রকাশনা সম্পাদক ফরহাদ হোসেন সংগ্রামকে নতুন কমিটিতে সদস্য করা হয়েছে।

শরীয়তপুর-মাদারীপুর-ফরিদপুর এবং মহানগরকেন্দ্রিক ছাত্রলীগের নেতা-কর্মীদের নতুন কমিটিতে উল্লেখযোগ্য পদে রাখা হয়েছে। কিন্তু কেন্দ্রীয় কমিটির গুরুত্বপূর্ণ পদে ঢাকা বিশ্ববিদ্যালয়- কেন্দ্রীক কর্মীদের সংখ্যা খুবই কম।

এ নিয়ে ক্যাম্পাসভিত্তিক নেতা-কর্মীদের মধ্যে তীব্র অসন্তোষ এবং উত্তেজনা দেখা দিয়েছে। অনেকে ছাত্র রাজনীতি থেকে সরে যাওয়ার চিন্তা-ভাবনা করছেন। রোববার নতুন কমিটির সাংস্কৃতিক সম্পাদক মিজা
সজল মধুর ক্যান্টিনে আসলে অপরি
ভেবে তাকে ক্যাম্পাসভিত্তিক নেতা-কর্মী
মারধর করে বের করে দেয়। শনিবার রা
ধানমন্ডির ১২ নম্বরে কমিটি ঘোষণার
পদ না পেয়ে অনেকে আওয়ামী লী
বিভিন্ন নেতার উদ্দেশ করে গালাগাল এ
হই-হুল্লোড় করে।

বঙ্গবন্ধু অ্যাভিনিউর দলীয় কার্যালয়ে
রোববার রাতে পদ না পাওয়া নেতা-কর্মী
ঐক্যবদ্ধ হয়ে ব্যাপক ভাঙচুর করে এ
অফিসে তালা ঝুলিয়ে দেয়। সোমবার ম
ক্যান্টিনে ছাত্রলীগ কর্মী মিঠু ও দেলোয়া
মধ্যে হাতাহাতি হয়।

রোববার রাতে পদ না পাওয়া বি
ছাত্রলীগের ক্যাডার সাবেক ছাত্রলী
সভাপতি এনামুল হক শামীমের রামপুর
বাসায় ২০/২৫ রাউন্ড গুলিবর্ষণ করে
বলে অভিযোগ পাওয়া গেছে। এ ব্যাপা
এনামুল হক শামীমের সঙ্গে যোগাযোগ ক
হলে তিনি গুলিবর্ষণের ঘটনা স্বীক
করেন। উল্লেখ্য, ছাত্রলীগের নতু
কমিটিতে এনামুল হক শামীমের স্ত্রী শিলু
সহ-সম্পাদক হিসেবে রাখা হয়েছে।

অনেকে পদ না পেয়ে আওয়ামী লী
সভানেত্রী শেখ হাসিনার কাছে অভিযো
করার খবর পাওয়া গেছে এবং তি
তাদেরকে আশ্বাসও দিয়েছেন বলে জা
গেছে।

এ ব্যাপারে আওয়ামী লীগের যুব বিষয়
সম্পাদক ও সাবেক ছাত্রনেতা ওবায়দু
কাদের বলেন, একটা বৈরী অবস্থার ম
অতি অল্প সময়ের বড় কমিটি গঠন ক
হয়েছে। এখানে কিছু ভুল-ত্রুটি হতে
পারে। তবে আমরা ৭ দিনের মধ্যে সব
নেতাকে সার্টিফিকেট জমা দেয়ার ক
বলেছি। যারা গঠনতন্ত্রের যোগ্যতার বাই
হবে তাদেরকে সাতদিনের মধ্যেই কমি
থেকে বাদ দেয়া হবে।

এদিকে নতুন কমিটির ভারপ্রাপ্ত সভাপ
মারুফা আক্তার পপি এবং সাধার
সম্পাদক সাইফুজ্জামান শিখর সোমব
এক সংবাদ বিজ্ঞপ্তিতে বিভিন্ন পত্রিক
প্রকাশিত অছাত্র, সন্ত্রাসীদের নি
ছাত্রলীগের নতুন কমিটি গঠন শীর্ষ
সংবাদের প্রতিবাদ জানান। তবে তা
স্বীকার করেছেন অসাবধানতাবশত দু
একজন বিবাহিত ও অছাত্র থাকতে পা
এবং সে বিষয়ে আগামী ৭ দিনের মা